# দিনাজপুর বোর্ড-২০১৯

## হিসাববিজ্ঞান
## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ

১.▶ আফজাল ট্রেডার্সের ২০১৭ সালের রেওয়ামিলটি নিম্নরূপ:

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| মূলধন | | ১,০০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ৬০,০০০ | ১,২৫,০০০ |
| ফেরত | ২,০০০ | ৩,০০০ |
| আসবাবপত্র | ৫০,০০০ | |
| মজুরি | ৩,০০০ | |
| ক্রয় পরিবহন | ১,৫০০ | |
| উত্তোলন | ১০,০০০ | |
| ভাড়া | ৫,০০০ | |
| বন্ধকি ঋণ | | ৩০,০০০ |
| খাজনা ও কর | ৬,০০০ | |
| কমিশন | ১,০০০ | ২,০০০ |
| দালানকোঠা | ১,২০,০০০ | |
| বিজ্ঞাপন | ১,৫০০ | |
| | ২,৬০,০০০ | ২,৬০,০০০ |

**অন্যান্য তথ্য:** ১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ১৮,০০০ টাকা। ২. স্থায়ী সম্পদের ওপর ১০% অবচয় ধরতে হবে। ৩. বন্ধকি ঋণের ওপর ১০% সুদ ধরতে হবে।

ক. বছর শেষে আফজাল ট্রেডার্স-এর স্থায়ী সম্পদের নিট মূল্য নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যাদির আলোকে আফজাল ট্রেডার্স-এর নিট লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

Teachingbd24.com

গ. উপর্যুক্ত তথ্যাদি অবলম্বনে আফজাল ট্রেডার্স-এর মালিকানা স্বত্ব বিবরণী প্রস্তুত করো। ৪

২.▶ মুরাদ এন্টারপ্রাইজ-এর ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| বিক্রয় | | ১,৫০,০০০ |
| ক্রয় | ১,০৫,০০০ | |
| মজুরি | ২,৩০০ | |
| যাতায়াত খরচ | ৮,০০০ | |
| বাড়িভাড়া | ১,৫০০ | |
| বিমা খরচ | ২,৪০০ | |
| হাতে নগদ | ১৮,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ২,০০০ |
| মূলধন | | ৫০,০০০ |
| উত্তোলন | ১৭,৮০০ | |
| দেনাদার | ৩২,০০০ | |
| পাওনাদার | | ১০,০০০ |
| যন্ত্রপাতি | ৫০,০০০ | |
| ঋণ | | ২৫,০০০ |
| | ২,৩৭,০০০ | ২,৩৭,০০০ |

**অন্যান্য তথ্য:** ১. সমাপনী মজুদ পণ্য ৩,০০০ টাকা। ২. যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধরতে হবে। ৩. ঋণের ওপর ৫% হারে সুদ ধরতে হবে। ৪. অগ্রিম মজুরি ৫০০ টাকা।

ক. মুরাদ এন্টারপ্রাইজ-এর মোট মুনাফার পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে মুরাদ এন্টারপ্রাইজ-এর নিট মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. মুরাদ এন্টারপ্রাইজ-এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

## খ বিভাগ

৩.▶ রাফি এন্টারপ্রাইজ একটি ব্যবসায় প্রতিষ্ঠান। ২০১৮ সালের জানুয়ারি মাসে উক্ত ব্যবসায় প্রতিষ্ঠানে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয়েছে :

Teachingbd24.com

| | | |
|---|---|---|
| জানু. | ১ | ৬,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করা হলো। |
| " | ৪ | ব্যাংকে ৬০,০০০ টাকা দিয়ে একটি হিসাব খোলা হলো। |
| " | ৬ | ধারে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা। |
| " | ৮ | নগদে পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা। |
| " | ১১ | ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক ঋণ গ্রহণ ৭০,০০০ টাকা। |
| " | ১৩ | ১,০০,০০০ টাকার আসবাবপত্র ক্রয়ের ফরমায়েশ প্রদান। |
| " | ২৫ | পাওনাদারকে পরিশোধ ১৮,০০০ টাকা। |

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২

খ. ঘটনাসমূহ হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণ ব্যাখ্যা করো। ৪

গ. হিসাব সমীকরণের ওপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

**৪.▶** শিমুল এন্টারপ্রাইজ ২০১৮ সালের এপ্রিল ১ তারিখে নগদ ৩,০০,০০০ টাকা, ৮০,০০০ টাকা যন্ত্রপাতি, ২৫,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে অন্যান্য লেনদেন:

| | | |
|---|---|---|
| এপ্রিল | ২ | মাহি ট্রেডার্স-এর নিকট থেকে পণ্য ক্রয় ৪০,০০০ টাকা। |
| " | ৫ | শাওন স্টোরস-এর নিকট নগদে বিস্কুট বিক্রয় ২০,০০০ টাকা। |
| " | ১৮ | দোকান ভাড়া প্রদান ১৭,০০০ টাকা। |
| " | ২৭ | নগদে পণ্য বিক্রয় ৮০,০০০ টাকা। |
| " | ৩০ | মালিক নিজ প্রয়োজনে ব্যবসায় থেকে উত্তোলন করেন ৫,০০০ টাকা। |

ক. শিমুল এন্টারপ্রাইজ-এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. এপ্রিল ৫ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্যাশমেমো তৈরি করো। ৪

গ. এপ্রিল ২, ১৮, ২৭ ও ৩০ তারিখের লেনদেনগুলো দ্বারা একটি জাবেদা বই প্রস্তুত করো। ৪

**৫.▶** পলাশ ট্রেডার্সের ২০১৮ সালের মার্চ মাসে নিম্নোক্ত ব্যবসায়িক লেনদেনসমূহ সংঘটিত হয়েছে :

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | পাহাড়তলী হতে আগ্রাবাদে ব্যবসায় স্থানান্তর বাবদ ব্যয় ৩০,০০০ টাকা। |
| " | ৩ | মনিহারি দ্রব্যাদি ক্রয় ৩,৫০০ টাকা। |
| " | ৫ | নতুন মেশিন ক্রয় ২,০০,০০০ টাকা। |
| " | ৬ | নতুন মেশিন ক্রয়ের বহন খরচ ৮,০০০ টাকা। |

https://teachingbd24.com

মার্চ ৮ নতুন মেশিন সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা।
" ১১ কম্পিউটার প্রিন্টারের কালি ক্রয় ৩,৫০০ টাকা।
" ১৩ অফিসের গাড়ির জন্য নতুন ব্যাটারি ও টায়ার ক্রয় ৪৫,০০০ টাকা।
" ১৫ নতুন পণ্যের গবেষণা ব্যয় ২০,০০০ টাকা।

ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় নির্ণয় করো। ২
খ. মূলধন জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ৫ তারিখে ক্রীত মেশিন ২,৪০,০০০ টাকায় বিক্রয় করা হলে, মূলধনজাতীয় প্রাপ্তি ও মূলধনজাতীয় আয়ের পরিমাণ নিরূপণ করো। ৪

৬.▶ জুয়েল এন্ড সন্সের ২০১৭ সালের মে মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

মে ৩ ব্যবসায়ের জন্য ব্যাংক থেকে উত্তোলন ২০,০০০ টাকা।
" ৪ রহিম ব্রাদার্স-এর নিকট ৫% বাট্টায় ১২,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং ১০১। চালানে পরিবহন খরচ ধরা হয়েছে ১,৫০০ টাকা।
" ৬ ভাড়া অগ্রিম পরিশোধ ৪,০০০ টাকা।
" ৯ পণ্য ক্রয় বাবদ চেক প্রদান ৮,০০০ টাকা।
" ১২ ৫% বাট্টায় আক্তার এন্ড কোং-এর নিকট ১০,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং ১০২। প্যাকিং চার্জ ৬০০ টাকা।
" ১৬ নগদ উত্তোলন ১,৭০০ টাকা।

ক. জুয়েল এন্ড সন্স-এর মে মাসের বিক্রয় খাতে বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪
গ. বিক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

৭.▶ জনাব রিপন একজন ব্যবসায়ী। ২০১৮ সালের আগস্ট মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পাদিত হয় :

আগস্ট ৩ কবির এন্ড সন্স-এর নিকট থেকে মনিহারি দ্রব্য ক্রয় ২৬,০০০ টাকা।
" ৮ খোকা এন্ড কোং-এর নিকট নগদে বিক্রয় ৪০,০০০ টাকা।
" ১৮ পণ্য ফেরত দেওয়া হলো ৩,০০০ টাকা।
" ২৫ কর্মচারীকে বেতন দেওয়া হলো ৫,০০০ টাকা।
" ৩০ বিজ্ঞাপন ব্যয় ২,০০০ টাকা।

Teachingbd24.com

ক. জনাব রিপনের ৩ ও ৮ আগস্টের লেনদেনগুলো জাবেদায় লিপিবদ্ধ করো। ২

খ. কবির এন্ড সন্স হিসাব ও নগদান হিসাব T ছকে খতিয়ানভুক্ত করে জের নির্ণয় করো। ৪

গ. ক্রয় হিসাব, বিক্রয় হিসাব, বেতন হিসাব ও বিজ্ঞাপন হিসাব চলমান জের ছকে প্রস্তুত করো। ৪

**৮.▶** চাঁদপুরের লিটন স্টোর-এর ২০১৮ সালের জুলাই মাসের লেনদেনসমূহ নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| জুলাই | ১ | নগদ তহবিল ৬০,০০০ টাকা। |
| " | ৬ | পণ্য বিক্রয় ৪৮,০০০ টাকা, যার ৬০% চেকে এবং অবশিষ্টাংশ নগদে। |
| " | ৯ | ব্যক্তিগত প্রয়োজনে নগদ উত্তোলন ৪,৫০০ টাকা ও পণ্য উত্তোলন ২,০০০ টাকা। |
| " | ১২ | ব্যাংকে জমা দেওয়া হলো ৪৫,০০০ টাকা। |
| " | ১৫ | সাদমান এন্টারপ্রাইজকে ৩১,০০০ টাকার নিষ্পত্তিতে চেকে প্রদান ৩০,০০০ টাকা। |
| " | ১৮ | স্বপ্নার নিকট থেকে ২৬,০০০ টাকার নিষ্পত্তিতে ২৫,৫০০ টাকা প্রাপ্তি। |
| " | ২৫ | ব্যবসায়ের পুরাতন কম্পিউটার বিক্রয় ১১,০০০ টাকা। |
| " | ৩১ | ব্যাংক থেকে উত্তোলন করা হলো ১,০০০ টাকা। |

ক. লিটন স্টোর-এর কন্ট্রা এন্ট্রির টাকার পরিমাণ কত? ২

খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো। ৪

গ. লিটন স্টোরের জুলাই মাসের লেনদেনগুলো দ্বারা একটি উপর্যুক্ত ঘরবিশিষ্ট নগদান বহি প্রস্তুত করো। ৪

**৯.▶** সাজি এন্টারপ্রাইজ-এর ব্যবসায়ের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের উদ্দেশ্যে ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তের তথ্য সরবরাহ করে :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| ক্রয় | ১,৩৫,০০০ | বেতন | ৩,০০০ |
| বিক্রয় | ১,৫০,০০০ | আসবাবপত্র | ৩৮,০০০ |
| প্রাপ্ত ভাড়া | ১২,০০০ | বিনিয়োগ | ১৫,০০০ |
| মূলধন | ৯৫,০০০ | প্রশিক্ষণ ভাতা | ৫,০০০ |
| ব্যাংক উদ্বৃত্ত (১.১.১৮) | ২০,০০০ | রপ্তানি শুল্ক | ১৩,৫০০ |

https://teachingbd24.com

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| ঋণ | ২৫,০০০ | প্রাপ্ত বাট্টা | ১০,০০০ |
| প্রাপ্য বিল | ৩২,০০০ | লভ্যাংশ প্রাপ্তি | ৫০০ |
| আয়কর | ১০,০০০ | প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ২৫,০০০ | সমাপনী ব্যাংক জমা | ১৬,০০০ |

ক. সাজি এন্টারপ্রাইজ-এর রেওয়ামিলে মোট কত টাকা অন্তর্ভুক্ত হবে না তা নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে সাজি এন্টারপ্রাইজ-এর রেওয়ামিল প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

১০.▶ রূপা পেপার হাউজ প্রতি দিস্তা ২০ টাকা দরে ২০০ রিম কাগজ ক্রয় করে। এর মজুরি ১,০০০ টাকা এবং গাড়িভাড়া ১,৫০০ টাকা প্রদান করেন। কাগজ বিক্রয়ের জন্য দোকান ভাড়া বাবদ ২,৫০০ টাকা, বিদ্যুৎ ও টেলিফোন বিল ১,০০০ টাকা এবং বিক্রয়কর্মীর কমিশন বাবদ ১,০০০ টাকা ব্যয় করে। প্রতিষ্ঠানটি প্রতি দিস্তা কাগজে ৩ টাকা লাভ করে থাকে।

ক. রূপা পেপার হাউজের প্রতি রিম কাগজের ক্রয়মূল্য নির্ণয় করো। ২

খ. রূপা পেপার হাউজের বিক্রীত প্রতি দিস্তা কাগজের মোট ব্যয় নির্ণয় করো। ৪

গ. বিক্রীত কাগজের মোট ব্যয় ৮০,০০০ টাকা ধরে রূপা পেপার হাউজের প্রতি দিস্তা কাগজের বিক্রয়মূল্য নিরূপণ করো। ৪

Teachingbd24.com

১১.▶ জনাব বাবুল মাসে ২৪,০০০ টাকা বেতনে একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। এছাড়া তিনি একটি কলেজে পার্টটাইম লেকচারার হিসেবে মাসে ১০,০০০ টাকা সম্মানী পান। ২০১৮ সালের ১ জানুয়ারি তার পরিবারের নগদ তহবিল ৪,০০,০০০ টাকা এবং ডিপিএসে জমা ২,০০,০০০ টাকা, গৃহ নির্মাণ ঋণ ১,০০,০০০ টাকা।

উক্ত বছরে তার পরিবারের অন্যান্য লেনদেন নিম্নরূপ :

খাদ্যসামগ্রী ক্রয় ৬০,০০০ টাকা, বাড়িভাড়া প্রদান ১,৬০,০০০ টাকা, দৈনন্দিন বাজার খরচ ৪৮,০০০ টাকা, আসবাবপত্র ক্রয় ২৫,০০০ টাকা, মুদি ও মনিহারি বিল ৫,০০০ টাকা, গহনা ক্রয় ৪০,০০০ টাকা, ডিপোজিট পেনশন স্কিমে জমা ৪৮,০০০ টাকা, পোশাক ক্রয় ২২,০০০ টাকা।

ক. জনাব বাবুলের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জনাব বাবুলের পরিবারের সমাপনী নগদ তহবিলের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে উক্ত পরিবারের আয় উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় করো। ৪

# উত্তরমালা

১. ক. স্থায়ী সম্পদের নিট মূল্য ১,৫৩,০০০ টাকা। খ. নিট লাভের পরিমাণ ৪৮,০০০ টাকা। গ. সমাপনী মালিকানা স্বত্বের পরিমাণ ১,৩৮,০০০ টাকা।

২. ক. মোট মুনাফার পরিমাণ ৪৬,২০০ টাকা। খ. নিট মুনাফার পরিমাণ ২৮,০৫০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৯৮,৫০০ টাকা।

৩. ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনার মোট পরিমাণ ১,৭০,০০০ টাকা। গ. হিসাব সমীকরণের যোগফল ৬,৩২,০০০ টাকা।

৪. ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৪,০৫,০০০ টাকা। গ. জাবেদার যোগফল ১,৪২,০০০ টাকা।

৫. ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৫০,০০০ টাকা। খ. মোট মূলধন জাতীয় ব্যয় ২,৭৩,০০০ টাকা ও মোট মুনাফা জাতীয় ব্যয় ৭,০০০ টাকা। গ. মূলধন জাতীয় প্রাপ্তি ২,৪০,০০০ টাকা ও মূলধন জাতীয় আয় ১২,০০০ টাকা।

৬. ক. বিক্রয় খাতে বাট্টার পরিমাণ ১,১০০ টাকা। খ. বিক্রয় জাবেদার যোগফল ২৩,০০০ টাকা। গ. জাবেদার যোগফল ৩৩,৭০০ টাকা।

৭. ক. জাবেদার যোগফল ৬৬,০০০ টাকা। খ. কবির এন্ড সন্স হিসাবের ক্রেডিট জের ২৬,০০০ টাকা এবং নগদান হিসাবের ডেবিট জের ৩৩,০০০ টাকা। গ. ক্রয় হিসাবের ডেবিট জের ২৬,০০০ টাকা; বিক্রয় হিসাবের ক্রেডিট জের ৪০,০০০ টাকা; বেতন হিসাবের ডেবিট জের ৫,০০০ টাকা এবং বিজ্ঞাপন হিসাবের ডেবিট জের ২,০০০ টাকা।

৮. ক. কন্ট্রা এন্ট্রির টাকার পরিমাণ ৪৬,০০০ টাকা। খ. নগদ প্রাপ্তি জাবেদার যোগফল: নগদ ৮৪,৫০০ টাকা, প্রদত্ত বাট্টা ৫০০ টাকা, বিক্রয় ৪৮,০০০ টাকা, দেনাদার ২৬,০০০ টাকা এবং অন্যান্য হিসাব ১১,০০০ টাকা। গ. নগদ উদ্বৃত্ত ৬৭,২০০ টাকা, ব্যাংক জমার উদ্বৃত্ত ৪২,৮০০ টাকা, প্রদত্ত বাট্টা ৫০০ টাকা এবং প্রাপ্ত বাট্টা ১,০০০ টাকা।

৯. ক. রেওয়ামিলে মোট ৪৫,০০০ টাকা অন্তর্ভুক্ত হবে না। খ. রেওয়ামিলের যোগফল ২,৯২,৫০০ টাকা। গ. মুনাফা জাতীয় আয়ের পরিমাণ ১,৭২,৫০০ টাকা এবং মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ১,৫৬,৫০০ টাকা।

১০. ক. প্রতি রিম কাগজের ক্রয়মূল্য ৪১২.৫০ টাকা। খ. প্রতি দিস্তা কাগজের মোট ব্যয় ২১.৭৫ টাকা। গ. প্রতি দিস্তা কাগজের বিক্রয়মূল্য ২৩ টাকা।

১১. ক. পারিবারিক তহবিলের পরিমাণ ৫,০০,০০০ টাকা। খ. সমাপনী হাতে নগদের পরিমাণ ৪,০০,০০০ টাকা। গ. আয় উদ্বৃত্ত ১,১৩,০০০ টাকা।

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কোন নীতি বিবেচনা করে কোম্পানি উৎপাদিত পণ্য সামগ্রীর মূল্য নির্ধারণ করে?**
ক বিক্রয়নীতি খ মুনাফানীতি
গ উৎপাদননীতি ঘ তারল্যনীতি

**২. প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের ক্ষেত্রে কোনটি নির্ণয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?**
ক মুখ্য ব্যয় খ উৎপাদন ব্যয়
গ রূপান্তর ব্যয় ঘ মোট খরচ

**৩. বিক্রয় উপরিব্যয়ের অন্তর্ভুক্ত—**
i. বিতরণ খরচ
ii. বিক্রয় কর্মীর খরচ
iii. আপ্যায়ন খরচ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৪. পরিবারে একটি সার্থক বাজেট প্রণয়নের সময় কয়টি বিষয় বিবেচনায় রাখতে হবে?**
ক চারটি খ পাঁচটি
গ ছয়টি ঘ সাতটি

**৫. পারিবারিক আর্থিক অবস্থার বিবরণীতে কোন হিসাবটি থাকে না?**
ক প্রারম্ভিক সম্পদ খ প্রারম্ভিক দায়
গ প্রারম্ভিক মূলধন ঘ প্রারম্ভিক নগদ

**৬. আধুনিক বিকেন্দ্রীকরণ ব্যবস্থায় নির্দিষ্ট ব্যক্তিগণকে পূর্ণক্ষমতা দেওয়া হয়—**
i. কারবারের আয়ের জন্য
ii. কারবারের বিনিয়োগের জন্য
iii. দায়বদ্ধতায় গতিশীল থাকার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৭. সাগর তার প্রতিষ্ঠানের জন্য নগদে ১০,০০০ টাকা পণ্য ক্রয় করেন। উক্ত লেনদেন সংশ্লিষ্ট ব্যবসায়িক দলিল হচ্ছে—**
ক চালান, ক্যাশমেমো, ডেবিট নোট
খ চালান, ক্যাশমেমো, ডেবিট ভাউচার
গ চালান, ক্যাশমেমো, ক্রেডিট নোট
ঘ চালান, ক্যাশমেমো, ক্রেডিট ভাউচার

**৮. হিসাবরক্ষকের প্রস্তুতকৃত হিসাব বিবরণী থেকে মালিক ও ব্যবস্থাপক কী করেন?**
ক কর্মপরিকল্পনা গ্রহণ খ বিনিয়োগ সিদ্ধান্ত
গ ঋণ সরবরাহ ঘ জবাবদিহিতা

**উদ্দীপকটি পড়ো এবং ৯ নং প্রশ্নের উত্তর দাও।**

| হিসাব | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|
| ব্যাংক ঋণ হিসাব | হ্রাস | বৃদ্ধি |
| মূলধন হিসাব | হ্রাস | বৃদ্ধি |
| বিক্রয় হিসাব | হ্রাস | বৃদ্ধি |
| ভাড়া হিসাব | হ্রাস | বৃদ্ধি |

**৯. ছকে প্রদর্শিত হিসাবগুলো ডেবিট ক্রেডিট নির্ণয়ে কোন হিসাবটি সঠিকভাবে উপস্থাপিত হয়নি?**
ক দায় খ মালিকানা স্বত্ব
গ আয় ঘ ব্যয়

**১০. ৫,০০০ টাকা বেতন অগ্রিম দেওয়া হলো। এই অগ্রিম খরচটি লিপিবদ্ধ করতে হবে কোন দাখিলায়?**
ক সংশোধনী খ সমন্বয়
গ প্রারম্ভিক ঘ সমাপনী

**১১. একতরফা দাখিলা পদ্ধতিতে আয়-ব্যয় হিসাবগুলো সংরক্ষণে গুরুত্ব না দেওয়া হলেও কোন হিসাব সংরক্ষণ করা হয়?**
ক দায় খ মূলধন
গ ক্ষতি ঘ লাভ

**১২. কোনটি দ্বারা সম্পদ অর্জিত না হলেও সম্পদ রক্ষণাবেক্ষণে নিচের কোনটি অবদান রাখে?**
ক মুনাফা জাতীয় ব্যয় খ মুনাফা জাতীয় আয়
গ মূলধন জাতীয় আয় ঘ মূলধন জাতীয় ব্যয়


Teachingbd24.com

**১৩. ৫ বছরের জন্য বিজ্ঞাপন খরচ ১০,০০০ টাকা। এক্ষেত্রে—**
i. মুনাফা জাতীয় ব্যয় ২,০০০ টাকা
ii. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ৮,০০০ টাকা
iii. মুনাফা জাতীয় ব্যয় ১০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. কোন ছক বা বিবরণীতে প্রতিষ্ঠানের প্রতিটি খাতের পরিবর্তন ও অবস্থা প্রকাশিত হয়?**
ক খতিয়ান খ হিসাব
গ কার্যপত্র ঘ রেওয়ামিল

**১৫. তপুকে ২,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ১,৬০০ টাকা প্রদান করা হলো। বাকি ৪০০ টাকার জন্য কোন হিসাবটি প্রভাবিত হবে?**
ক আয় খ ব্যয়
গ সম্পদ ঘ দায়

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ নং প্রশ্নের উত্তর দাও।**




**১৬. ফাঁকাঘর লেনদেনটির জন্য কোন হিসাবকে ক্রেডিট করতে হবে?**
ক ব্যাংক হিসাব খ দেনাদার হিসাব
গ পাওনাদার হিসাব ঘ নগদান হিসাব

**১৭. কোন ধরনের জাবেদায় উত্তোলন হিসাব বন্ধ করা হয়?**
ক প্রারম্ভিক খ সমাপনী
গ সমন্বয় ঘ সংশোধনী

১৮. তমাল ট্রেডার্স-এর কাছ থেকে ৫,০০০ টাকার চাল নিম্নমানের জন্য ফেরত পাওয়া গেল। কারবারি বাট্টা ১০%। নোট নং ১০৮। এই হিসাবটি কোন ধরনের জাবেদা?
ⓚ ক্রয় ⓚ বিক্রয় ফেরত
ⓖ বিক্রয় ⓖ ক্রয় ফেরত

১৯. কোন হিসাবের জের জানার জন্য কোনো সময়ের প্রয়োজন হয় না?
ⓚ বিবরণী ছক ⓚ 'T' ছক
ⓖ চলমান জের ছক ⓖ কার্যপত্র প্রস্তুত

২০. সাধারণ খতিয়ানে কোন হিসাবদ্বয়কে মূল হিসাব নামে অভিহিত করা হয়?
ⓚ নগদান ও মূলধন ⓚ দেনাদার ও বিক্রয়
ⓖ পাওনাদার ও ক্রয় ⓖ দেনাদার ও পাওনাদার

২১. নিচের কোনটিতে চুরি, আত্মসাৎ, অবচয় এবং হিসাবে লিপিবদ্ধকরণের ভুলসমূহ হওয়ার সম্ভাবনা বহুলাংশে হ্রাস পায়?
ⓚ জাবেদায় ⓚ খতিয়ানে
ⓖ নগদান বইয়ে ⓖ রেওয়ামিলে

**উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব অহি-এর
দুইঘরা নগদান বই

ডেবিট ক্রেডিট

| তাং | প্রাপ্তি | খ. নং | খ. পৃ | নগদ টাকা | ব্যাংক টাকা | তাং | প্রদান | খ. নং | খ. পৃ | নগদ টাকা | ব্যাংক টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৯ | | | | | | ২০১৯ | | | | | |
| জানু-১ | ব্যালেন্স বি/ডি | | | ২৫,০০০ | ২০,০০০ | জানু-৫ | ক্রয় হিসাব | | | | ৪,০০০ |
| " ৬ | বিক্রয় হিসাব | | | | ৩,০০০ | " ১২ | ব্যাংক হিসাব | | সি | | ৪,০০০ |
| " ১২ | নগদান হিসাব | | সি | | ৪,০০০ | " ২০ | বেতন হিসাব | | | ৩,০০০ | |
| " ২০ | বাড়ি ভাড়া হিসাব | | | ৪,০০০ | | " ২৫ | উত্তোলন হিসাব | | | | ২,০০০ |
| | | | | | | " ৩১ | ব্যালেন্স সি/ডি | | | ২৬,০০০ | ১৭,০০০ |
| | | | | ২৯,০০০ | ২৭,০০০ | | | | | ২৯,০০০ | ২৭,০০০ |

২২. ৩১ তারিখ ব্যাংক ব্যালেন্স ১৭,০০০ টাকা দ্বারা কী বোঝানো হয়েছে?
ⓚ ব্যাংক জমা ⓚ ব্যাংক জমাতিরিক্ত
ⓖ ব্যাংক উত্তোলন ⓖ ব্যাংক বিবরণী

২৩. উদ্দীপকে কোন ভুলটি ঠিক করে পোস্টিং দিলে নগদ উদ্বৃত্ত কত হবে?
ⓚ ২৯,০০০ ⓚ ২৭,০০০
ⓖ ২৬,০০০ ⓖ ২২,০০০

২৪. ব্যাংক সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ হয়—
i. ব্যাংক সমন্বয় বিবরণীতে
ii. ব্যাংক বিবরণীতে
iii. নগদান বইতে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৫. রেওয়ামিল তৈরি করার জন্য কোন লেনদেনের উদ্বৃত্ত প্রয়োজন পড়ে না—
i. খতিয়ান ii. নগদান বই
iii. জাবেদা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ i ও iii ⓖ ii ও iii

২৬. জনাব আতিক তার প্রতিষ্ঠানের মজুরি প্রদান ২,০০০ টাকা বেতন হিসাবে লেখা হয়েছে— এটি কোন ধরনের ভুল?
ⓚ বাদ পড়ার ভুল ⓚ বেদাখিলার ভুল
ⓖ লেখার ভুল ⓖ নীতিগত ভুল

২৭. কিসের মাধ্যমে ভুল সংশোধন করে অনিশ্চিত হিসাব বন্ধ করতে হয়?
ⓚ সংশোধনী জাবেদা ⓚ সমন্বয় জাবেদা
ⓖ সমাপনী জাবেদা ⓖ প্রারম্ভিক জাবেদা

**উদ্দীপকটি পড়ো এবং ২৮-৩০ নং প্রশ্নের উত্তর দাও।**

বাতেন ট্রেডার্স-এর ২০১৮ সালের হিসাব বই থেকে নিম্নের তথ্যাদি দেওয়া হলো—

| বিবরণ | টাকা |
|---|---|
| বিক্রয় | ১,০০,০০০ |
| মোট মুনাফা | ১০,০০০ |
| নিট মুনাফা | ৮,০০০ |
| চলতি দায় | ৫,০০০ |
| চলতি সম্পদ | ১০,০০০ |
| অগ্রিম খরচ | ১,০০০ |
| মজুদ পণ্য | ২,০০০ |

২৮. উদ্দীপকের কোন আইটেমগুলো তারল্য অনুপাত নির্ণয়ে বাদ রাখা হয়?
ⓚ মোট মুনাফা ও নিট মুনাফা
ⓚ চলতি সম্পদ ও চলতি দায়
ⓖ নিট মুনাফা ও মজুদ পণ্য
ⓖ অগ্রিম খরচ ও মজুদ পণ্য

২৯. বাতেন ট্রেডার্স-এর তারল্য অনুপাত কত?
ⓚ ১.৪ : ১ ⓚ ১.৫ : ১
ⓖ ১.৬ : ১ ⓖ ১.৭ : ১

৩০. উদ্দীপক থেকে কী কী নির্ণয় করে একটি প্রতিষ্ঠানের ২ বছরের আর্থিক অবস্থার তুলনা করা যায়?
ⓚ মুনাফার হার ও অনুপাত
ⓚ নিট মুনাফা ও অনুপাত
ⓖ চলতি ও তারল্য অনুপাত
ⓖ মোট মুনাফা ও তারল্য অনুপাত

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | গ |

https://teachingbd24.com